



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd



শেখ হাসিনা'র মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নম্বর : ৪৬.০০.০০০০.০৪২.২০.০০৮.২০২১.১৯১৫

তারিখ: ২৫ ভাদ্র ১৪২৮
০৯ সেপ্টেম্বর ২০২১

প্রাপক: চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়
স্থানীয় সরকার বিভাগ
হিসাব ভবন (৫ম তলা, গেট নং-৪), সেগুনবাগিচা, ঢাকা

বিষয়: চলতি ২০২১-২২ অর্থ বছরের বাজেটের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে 'জেলা পরিষদ উন্নয়ন সহায়তা' খাতের (কোড নং-২২১০০০৬০০) অধীনে 'মাননীয় মন্ত্রীর অভিপ্রায় অনুযায়ী বরাদ্দ' শীর্ষক উপ-খাত হতে এককালীন অর্থ অবমুক্তি।

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী'র নির্দেশনা অনুযায়ী জেলা পরিষদ, কুড়িগ্রাম কর্তৃক নিম্নবর্ণিত স্কিম বাস্তবায়নের জন্য চলতি ২০২১-২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে 'জেলা পরিষদ উন্নয়ন সহায়তা' খাতের অধীনে (কোড নং-২২১০০০৬০০) 'মাননীয় মন্ত্রীর অভিপ্রায় অনুযায়ী বরাদ্দ' শীর্ষক উপ-খাত হতে (অর্থনৈতিক কোড: ৪১১১৩১৭) উক্ত জেলা পরিষদের অনুকূলে ০২.০০ (দুই) লক্ষ টাকা অবমুক্তির সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি:


ক্র:	জেলা পরিষদ	স্কিম	বরাদ্দকৃত অর্থ
১.	জেলা পরিষদ, কুড়িগ্রাম	কুড়িগ্রাম পৌরসভার ২ নং ওয়ার্ডে গুয়াতিপাড়া, খানপাড়া, হোসেন খাঁ পাড়া ফখরিয়া জামে মসজিদ, কুড়িগ্রাম-এর ২য় তলা নির্মাণ	২.০০ (দুই) লক্ষ টাকা

২। এ ব্যয় চলতি ২০২১-২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন বাজেটের মঞ্জুরি নং-৩৪, হিসাবের খাত ১৩৭-১৩৭০১-২২১০০০৬০০/৪১১১৩১৭ 'জেলা পরিষদ উন্নয়ন সহায়তা' খাতে বরাদ্দকৃত অর্থ হতে মিটানো হবে।

৩। অর্থ বিভাগের গত ০১ আগস্ট ২০২১ তারিখের ০৭.১১১.০১৪.০১.০১.০১৮.২০১৭-৩০৭ নং স্মারক মূলে প্রদত্ত সম্মতির প্রেক্ষিতে এবং নিম্নবর্ণিত শর্তে এই অর্থ ছাড় করা হলো:

- ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে পিপিআর-২০০৮ অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পরিপালন করতে হবে;
- ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবে;
- এ সংক্রান্ত অব্যয়িত অর্থ ৩০ জুন ২০২২ এর মধ্যে সরকারি কোষাগারে সমর্পণ করতে হবে।

৪। নির্ধারিত কার্যক্রম বাস্তবায়ন ব্যতীত অন্য কোন কাজে এই অর্থ ব্যয় করা যাবে না। সংশ্লিষ্ট জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা/সচিব এ মঞ্জুরীকৃত অর্থের আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করবেন। তিনি এ অর্থ ব্যয়ে প্রচলিত নিয়মাচার ও আর্থিক বিধি-বিধান পালন করবেন।



মোহাম্মদ তানভীর আজম হিদ্দিকী
উপসচিব
ফোনঃ ৯৫৭৫৫৬৮
ই-মেইলঃ lgzp@lgd.gov.bd

নম্বর : ৪৬.০০.০০০০.০৪২.২০.০০৮.২০২১.১৯১৫/১(১০)

তারিখ: ২৫ ভাদ্র ১৪২৮
০৯ সেপ্টেম্বর ২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

১. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় (দু. আ. উপসচিব (বাজেট-১১ অধিশাখা)
২. সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ/ কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা
৩. অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. মাননীয় মন্ত্রী'র একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. যুগ্মসচিব, পরিকল্পনা অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী বিভাগ।
৮. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, কুড়িগ্রাম।
৯. সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, কুড়িগ্রাম জেলা।
১১. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ-(এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
১২. জনাব মোঃ আক্তারুজ্জামান আজাদ, সাধারণ সম্পাদক, ফখরিয়া জামে মসজিদ, কুড়িগ্রাম।
(তাঁর গত ০১ জানুয়ারি ২০২১ তারিখের আবেদনের প্রেক্ষিতে)।


মোহাম্মদ তানভীর আজম হিদ্দিকী
উপসচিব

বিসমিল্লাহির রাহমানির রাহিম

ফখরিয়া জামে মসজিদ

গুয়াতি পাড়া, খাঁন পাড়া, হোসেন খাঁ পাড়া, ওয়ার্ড নং- ০২, কুড়িগ্রাম পৌরসভা, কুড়িগ্রাম।
স্থাপিতঃ ১৯২৪ ইং।

বরাবর

মাননীয় মন্ত্রী মহোদয়
স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

বিষয়ঃ মসজিদ উন্নয়নের লক্ষ্যে আর্থিক সহায়তার জন্য আবেদন।

জনাব

যথবিহিত স্থান প্রদর্শন পূর্বক বিনীত নিবেদন এই যে, গুয়াতি পাড়া খাঁন পাড়া হোসেন খাঁ পাড়া ওয়ার্ড নং-০২ (দুই) কুড়িগ্রাম পৌরসভার মসজিদ টি অতি পুরাতন হওয়া সত্ত্বেও এলাকার মানুষের আর্থিক সহায়তায় মসজিদ ভবনটি ০৩ তলার ভিত্তি স্থাপন করেও এক তলা নির্মাণ সম্ভব হয়েছে। সময়ের সাথে সাথে মুসল্লি সংখ্যা বৃদ্ধি পাওয়ায় মসজিদে স্থান সংকুলান না হওয়ায় প্রায় সময়ই মসজিদের বাহিরে খোলা মাঠে মুসল্লিদের কে নামাজ আদায় করতে হয়। মসজিদটি দোতলা নির্মাণ করা অতীব জরুরী। আর্থিক অনটনের কারণে যাহা মোটেও সম্ভব হচ্ছে না।

বিধায় অনুগ্রহ পূর্বক এলাকা বাসির আকুল আবেদন এই যে, মসজিদটির ২য় তলা নির্মাণের লক্ষ্যে ০৭/০৮ লক্ষ টাকা আর্থিক সহায়তার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সবিনয় অনুরোধ করছি।

নিবেদক


(মোঃ আতাউর রহমান)

সভাপতি

ফখরিয়া জামে মসজিদ

কুড়িগ্রাম।

মোবাইলঃ ০১৭১৬-০০৮১২৭



নিবেদক

(মোঃ আজহারুজ্জামান, আজাদ)

সাধারণ সম্পাদক

ফখরিয়া জামে মসজিদ

কুড়িগ্রাম।

মোবাইলঃ ০১৭১৪-৫৬৫৬৩৩

ডায়েরী নং- ০২
তারিখ- ২৬/০৬/২০২১

উপসচিব

জেলা পরিষদ অধিশাখা